

## সামুদ্রিক নিরাপত্তা সহযোগিতা বিষয়ে ভারত,শ্রীলংকা ও মলদ্বীপের এনএসএ স্তরে ত্রিদেশীয় বৈঠক

ভারতের আমন্ত্রণে সামুদ্রিক নিরাপত্তা সহযোগিতা বিষয়ে ভারত,শ্রীলংকা ও মলদ্বীপের  
জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের তৃতীয় ত্রিদেশীয় বৈঠক ৬ মার্চ ২০১৪ নয়াদিল্লিতে অনুষ্ঠিত  
হয়। ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা শ্রী শিবশংকর মেনন  
এবং তিনি বৈঠকের পৌরোহিত্য করেন। মলদ্বীপের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন জাতীয়  
নিরাপত্তা ও প্রতিরক্ষামন্ত্রী অবসরপ্রাপ্ত কর্ণেল মিঃ মোহামেদ নাজিম এবং শ্রীলংকা  
প্রতিনিধিদলের নেতৃত্ব দেন প্রতিরক্ষা ও নগর উন্নয়ন মন্ত্রকের সচিব মিঃ গোটাবায়ে রাজাপক্ষ।

মরিশাস ও সেসেলসের প্রতিনিধিরা এই বৈঠকে অতিথি দেশ রূপে যোগ দেন। মরিশাসের  
প্রতিনিধিত্ব করেন প্রধানমন্ত্রীর দপ্তরের স্থায়ী সচিব মিঃ মতিচাঁদ শিবা এবং সেসেলসের  
প্রতিনিধিত্ব করেন বিদেশমন্ত্রকের মুখ্যসচিব অ্যান্বাসাডার মরিশ লুসতাও-লালান্যে।

২০১১ সালের অক্টোবর মাসে মলদ্বীপে অনুষ্ঠিত সামুদ্রিক নিরাপত্তা সহযোগিতা বিষয়ে  
প্রথম ত্রিদেশীয় এনএসএ স্তরের বৈঠকে ভারত,শ্রীলংকা ও মলদ্বীপ সামুদ্রিক নিরাপত্তা  
সহযোগিতা নিয়ে ত্রিদেশীয় মঞ্চ গঠন করে। ২০১৩ সালের জুলাই মাসে কলোন্বয় অনুষ্ঠিত  
দ্বিতীয় বৈঠকে নিম্নলিখিত তিনটি পর্যায়ের কর্মপদ্ধতি সহ তিনটি দেশ সামুদ্রিক নিরাপত্তা  
সহযোগিতা বিষয়ে একটি রোডম্যাপ তৈরিতে সম্মত হয়:

১. বহু দূরত্বের চিহ্ন তকরণ ও অনুসরণ পরিয়েবা(এলআরআইটি) এবং স্বয়ংক্রিয়  
চিহ্ন তকরণ পদ্ধতি তথ্যাবলী(এআইএস) ব্যবস্থাপনার মাধ্যমে আর্তজাতিক সামুদ্রিক  
সংগঠনের(আইএমও) অধীনে সামুদ্রিক এলাকা সচেতনা বৃক্ষির উদ্যোগ নেওয়া,
২. এমডিএ এলাকায় প্রশিক্ষণ ও প্রতিষ্ঠান গঠন,তল্লাশী ও উদ্বারকার্য, তেল প্রদূষণ মোকাবিলা  
এবং

৩. ত্রিদেশীয় মহড়া সহ যৌথ কার্যকলাপ, অবৈধ সামুদ্রিক কার্যকলাপ সম্পর্কে যোগাযোগ আদান-প্রদান চালু রাখা, সামুদ্রিক তেল প্রদূষণ মোকাবিলায় তাৎক্ষণিক উদ্যোগের পরিকল্পনা তৈরি করা এবং জলদস্যু সংকারান্ত বিষয়ে আইনী ও নীতিগত বিষয়।

দিল্লিতে অনুষ্ঠিত ত্রিদেশীয় এনএসএ স্ট্রের বৈঠকে চিহ্নিত ক্ষেত্রগুলির বিভিন্ন কার্যকলাপ রূপায়ণের অগ্রগতিতে অংশগ্রহণকারীরা পর্যালোচনা করে সন্তোষ প্রকাশ করেন। বৈঠকে হাইড্রোগ্রাফি, পরিদর্শন প্রশিক্ষণ, আরোহন, তল্লাশী ও আটক অভিযান, ভাসমান ভারতীয় প্রশিক্ষণ জাহাজে প্রশিক্ষণ, চিন্তাবিদ বিনিয়য় এবং দুঃসাহসিক অভিযানে অংশগ্রহণ সহ সহযোগিতার নতুন ক্ষেত্র নিয়ে আলোচনা হয়। যৌথ কার্যকলাপ রূপায়ণে গতি আনতে এবং নতুন ক্ষেত্রগুলিতে সহযোগিতার কর্মসূচী তৈরি করতে কার্যকরী বা কারিগরী স্ট্রের গোষ্ঠীর শীଘ্র বৈঠক ডাকার জন্য অংশগ্রহণকারীরা নির্দেশ দেন।

অংশগ্রহণকারীরা বৈঠকে উপস্থিত হওয়ার জন্য মরিশাস ও সেসেলসের প্রতিনিধিদের স্বাগত জানান। এই উদ্যোগে মরিশাস ও সেসেলসের প্রতিনিধিদের উপস্থিতি ভারত মহাসাগরের নিরাপত্তা রক্ষা সম্বন্ধ করবে বলে তাঁদের উপলব্ধি।

কৃটনৈতিক মাধ্যমে স্থিরীকৃত তারিখে পরবর্তী এনএসএ স্ট্রের বৈঠক মলদ্বীপে অনুষ্ঠিত হবে।

**নয়াদিল্লি**

৬ মার্চ ২০১৪